

নং. 4.21

এক্সিকিউটিভ অর্ডার

**নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা কর্মী সংকটের কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি
অবস্থা অব্যাহত রয়েছে**

যেহেতু, হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কর্মী সংকট রয়েছে এবং এটি অব্যাহত থাকার আশংকা রয়েছে;

যেহেতু, হাসপাতালে ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে গুরুতর কর্মী-সংকট জরুরি সেবা প্রদান করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পর্যাপ্ত সেবা প্রদানের ক্ষমতাকে প্রভাবিত করা অব্যাহত রাখবে বলে আশংকা করা হচ্ছে;

যেহেতু, হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কর্মী সংকট পূরণ করার তাৎক্ষণিক ও জরুরি প্রয়োজন রয়েছে;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসমূহ অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, নির্বাহী আদেশ 4-এ বর্ণিত, এবং এর উত্তরসূরি আদেশ দ্বারা অব্যাহত রাখা, স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং নির্বাহী আদেশ 4, এবং এর উত্তরসূরি আদেশগুলোতে বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশ 8^ই জুন, 2023 তারিখ পর্যন্ত বহাল রাখছি।

এই দুই হাজার তেইশ সালের মে মাসের বাইশ
তারিখে আলবানি সিটিতে আমার হাতে এবং
স্টেটের প্রাইভি সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব